দৈনিক সংবাদ

তারিখ ... APR. 3 ... 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 4

৫৪

# জা'নগর ভার্সিটির চার পাশ ঘিরে সন্ত্রাসী চক্র তৎপর

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২রা এপ্রিল।- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পাশের এলাকাসমূহে অবৈধ মাদক ব্যবসাসহ বিভিন্ন ধরনের সামাজিক অপরাধ বেড়েছে; যার প্রভাব বিশ্ববিদ্যালয়ের উপরও পড়ছে।

এলাকার প্রভাবশালী ব্যক্তি, স্থানীয় মস্তান চক্র এসব অপরাধের সাথে জড়িত আছে বলে জানা গেছে। বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে কিছু ব্যক্তির সহায়তায় এরা শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তুলেছে বলে একাধিক সূত্রে জানা গেছে।

কয়েকটি সূত্র থেকে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের পূর্ব দিকে ডেইরি ফার্ম, পশ্চিমে কলাবাগান, ইসলামনগর, উত্তরে বিশ মাইল, রাঙ্গামাটি, গোকুলনগর এলাকায় এসব অপরাধের ঘটনা বেশি ঘটছে।

ডেইরি ফার্ম এলাকায় খোঁজ নিয়ে জানা গেছে, ডেইরি ফার্মের অভ্যন্তরে এবং ঢাকা-আরিচা মহাসড়কে ট্রাক থামিয়ে চাঁদাবাজির সঙ্গে জড়িত রয়েছে একদল সন্ত্রাসী। সম্প্রতি ডেইরি ফার্মের এসব মস্তানের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সংঘর্ষ হয়।

ডেইরি ফার্মের কিছু স্থানীয় বাসিন্দা এবং ক্যাম্পাসের কয়েকটি সূত্র জানিয়েছে, মূলত এলাকায় কর্তৃত্ব স্থাপন এবং চাঁদাবাজি নিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রভাবশালী ছাত্রনেতা ও ক্যাডারদের সঙ্গে ডেইরি ফার্মের মস্তানদের বিরোধকে কেন্দ্র করেই এ সংঘর্ষ হয়। এ সংঘর্ষে মারাত্মকভাবে প্রহৃত হয় বিশ্ববিদ্যালয়ের দু'জন নিরীহ ছাত্র এবং পুড়ে ছাই হয়ে যায় কিছু নিরীহ লোকের ঝুপড়ি দোকান।

ডেইরি ফার্মের কিছু দোকানদার জানিয়েছে, উঠতি সন্ত্রাসী খোকন ফেনসিডিল, গাঁজার ব্যবসার সঙ্গে জড়িত। নাসির এবং খোকনের সঙ্গে সাভার এলাকার এক প্রভাবশালী রাজনৈতিক নেতার প্রত্যক্ষ যোগাযোগ রয়েছে বলেও জানা গেছে।

খোঁজ নিয়ে দেখা গেছে, পার্শ্ববর্তী গোকুলনগর, রাঙ্গামাটি এলাকার বখাটে যুবকসহ বিশ মাইল এলাকায় বিশ্ববিদ্যালয়ের কিছু কর্মচারীর ছেলে প্রায় প্রতিদিনই এলাকায় অবস্থিত নার্সারি এবং পরিত্যক্ত পানির ট্যাংকের পাশে গাঁজার আসর বসায়। এদের বিরুদ্ধে প্রায়ই ছিনতাইয়ের অভিযোগ পাওয়া যায়। রাতে বিশ্ববিদ্যালয়ের ভেতর দিয়ে যাতায়াতকারী পাশের গ্রামের গার্মেন্টস কর্মী এবং অন্য পেশাজীবীরা এদের প্রধান টার্গেট। বিশ মাইল এলাকায় ভয়ে এদের বিরুদ্ধে কেউ মুখ খুলতে চায়নি।

রাঙ্গামাটি এবং গোকুলনগর এলাকা থেকে গাঁজা এদের মাধ্যমেই ক্যাম্পাসে সরবরাহ করা হয় বলে জানা যায়। জানা গেছে, ক্যাম্পাসে নির্দিষ্টসংখ্যক কিছু ছাত্র এদের খদ্দের।